

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৯

সোনামুড়া, ৯ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪**  
**সোনামুড়া মহকুমায় ৮টি মহিলা পরিচালিত ভোটকেন্দ্র**

আসন্ন লোকসভা নির্বাচন ২০২৪-এ ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের নির্বাচনে সোনামুড়া মহকুমার চারটি বিধানসভা কেন্দ্রে ভোটগ্রহণের জন্য মহিলা পরিচালিত ভোটকেন্দ্র থাকবে ৮টি এবং দিব্যাঙ্গজন দ্বারা পরিচালিত ভোটকেন্দ্র থাকবে ৪টি। মহিলা পরিচালিত ভোটকেন্দ্রগুলি হলো ২০-বক্সনগর বিধানসভা কেন্দ্রের মতিনগর হাইস্কুল (উত্তরাংশ), মতিনগর হাইস্কুল (পশ্চিমাংশ), ২১-নলছড় (এসসি) বিধানসভা কেন্দ্রের চন্দনমুড়া কৃষ্ণকুমার হাইস্কুল, নলছড় হাইস্কুল, ২২-সোনামুড়া বিধানসভা কেন্দ্রের সোনামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় (এন সি ইনস্টিটিউশন), ক্রীড়া আবাসন হল, ২৩-ধনপুর বিধানসভা কেন্দ্রের শান্তিনগর হাইস্কুল (দক্ষিণাংশ) এবং দক্ষিণ পাহাড়পুর হাইস্কুল।

দিব্যঙ্গজন দ্বারা পরিচালিত ভোটকেন্দ্রগুলি হলো ২০-বক্সনগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নগর পঞ্চায়েত সেবা কেন্দ্র তমসাবাড়ি, ২১-নলছড় (এসসি) বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বটতলি এসবি স্কুল, ২২-সোনামুড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ঠাকুরমুড়া হাইস্কুল (পশ্চিমাংশ), ২৩-ধনপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কেকেনগর হাইস্কুল (উত্তরাংশ)। সোনামুড়া মহকুমা শাসক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*